গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ক্রীড়া পরিদপ্তর
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
মওলানা ভাসানী স্টেডিয়াম, ঢাকা।
www.ds.gov.bd

নং: ৩৪.০২.২৬৬৫.০০০.১০৩.০৬.০০০১.২৫-৬৪৩ তারিখ: ১৯ মে ২০২৫

বিষয়: ক্রীড়া পরিদপ্তরের অভ্যন্তরীণ সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ মোস্তফা জামান
পরিচালক (যুগ্মসচিব), ক্রীড়া পরিদপ্তর, ঢাকা
সভার তারিখ ও সময় : ১৯ মে ২০২৫ খ্রি. সকাল- ১১.০০ টা
স্থান : পরিচালকের কক্ষ, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা
উপস্থিতি : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা শুরু করেন। ক্রীড়া পরিদপ্তরের অভ্যন্তরীণ সমন্বয় সভায় বিষয়ভিত্তিক আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| নং | বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১. | ডি-নথি সংক্রান্ত | পরিচালক মহোদয় ডি-নথি সংক্রান্ত বিষয়ে অগ্রগতি জানতে চাওয়া হলে পরিচালকের একান্ত সহকারী জনাব মোহাম্মদ নাছির উদ্দিন জানান যে, ডি-নথিতে কোন ফাইল উপস্থাপন করার সময় দীর্ঘক্ষণ লোডিং সমস্যা হয়। | ডি-নথির সমস্যা সমাধানের জন্য প্রশাসনিক মন্ত্রণালয়ের প্রোগামার/সহকারী প্রোগ্রামারের সাথে যোগযোগ করে সমাধান নিশ্চিত করতে হবে। | সহকারী পরিচালক, ক্রীড়া পরিদপ্তর |
| ২. | বিভাগীয় মামলা সংক্রান্ত | ১। জনাব মোঃ রেজাউল করিম<br>২। জনাব সম্রাট মন্ডল<br>৩। জনাব মোঃ মাহামুদ হাছান আরজু | বিভাগীয় মামলা চলমান রয়েছে। | সহকারী পরিচালক (প্রশাসন) ও প্রধান সহকারী |
| ৩. | রিট মামলা সংক্রান্ত | ১। আব্দুল আজিজ ও গং<br>২। মোঃ মনজুরুল হাসান ও গং<br>৩। মোহাম্মদ হাছান তারেক<br>৪। নাজমা রশিদ (বাস্তবায়ন মামলা)<br>৫। ক্রীড়া সামগ্রী ক্রয় সংক্রান্ত | রিট মামলা চলমান রয়েছে। | সহকারী পরিচালক (প্রশাসন) ও প্রধান সহকারী |
| ৪. | অডিট আপত্তি সংক্রান্ত | সর্বমোট অনিষ্পন্ন আপত্তি ৩৩ টি।<br>মোট টাকার পরিমান ৩ কোটি ৩৩ লক্ষ টাকা। | সংশ্লিস্ট সকলের সাথে যোগাযোগ করে অডিট আপত্তি নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে। | জনাব মোঃ জহুরুল হক জনি, অ:সহ:কা:ক:মুদ্রা: |
| ৫. | জনবল নিয়োগ | ক্রীড়া পরিদপ্তর ও আওতাধীন দপ্তর/সংস্থার ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারী নিয়োগের কার্যক্রম নিমিত্ত সভার আয়োজন করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | পরিচালক দ্রুত নিয়োগের কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন। | সহকারী পরিচালক, ক্রীড়া পরিদপ্তর |
| ৬. | পদ সৃজন | ক্রীড়া পরিদপ্তরে ICT Cell গঠনের নিমত্ত যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কার্যবিবরণী ক্রীড়া পরিদপ্তরে প্রেরন করা হয়। কার্যবিবরণীতে ICT Cell গঠন ও ০৩ টি পদ সৃজনের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণের বিষয়ে বলা হয়। | ICT Cell গঠনের প্রস্তাব অর্থ মন্ত্রণালয়ে পাঠাতে হবে। | প্রশাসন শাখা |
| ৭. | ই-টেন্ডার | সভায় ই-টেন্ডার বিষয়ে জানতে চাওয়া হলে পরিচালকের একান্ত সহকারী জানান যে, ক্রীড়া | E-gp প্রশিক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সহকারী পরিচালক (প্রশাসন) ও প্রধান |

| | | | | |
|---|---|---|---|---|
| | | পরিদপ্তরে ক্রীড়া সামগ্রী e-gp এর মাধ্যমে ক্রয় করা হয়। অন্যান্য টেন্ডার উন্মুক্ত দরপত্র বিজ্ঞপ্তির মাধ্যমে করা হয়। কেন e-gp এর মাধ্যমে ক্রয় করা হয় না জানতে চাইলে পরিচালকের একান্ত সহকারী জানান, আমাদের e-gp দক্ষ জনবল না থাকায় সম্ভব হয় না। | | সহকারী |
| ৮. | প্রশিক্ষণ সংক্রান্ত | তথ্য অধিকার আইন (RTI), জাতীয় শুদ্ধাচার কৌশল, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী ধারণা, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (GRS), সেবা সহজিকরণ ও বুনিয়াদী, প্রশিক্ষণ বিষয়ে আলোচনা করা হয়। | প্রশিক্ষণ বিষয়ে সময় নির্ধারণ করতে হবে। | সহকারী পরিচালক (প্রশাসন) ও প্রধান সহকারী |
| ৯. | সিটিজেন চার্টার হালনাগাদ | সিটিজেন চার্টারের বিষয়ে আলোচনা করা হলে পরিচালকের একান্ত সহকারী জানান যে ক্রীড়া পরিদপ্তরের সিটিজেন চার্টার হালনাগাদ করা প্রয়োজন। | ক্রীড়া পরিদপ্তরের সিটিজেন চার্টার হালনাগাদকরণ করতে হবে। | সহকারী পরিচালক (প্রশাসন) |
| ১০. | ওয়েবসাইট হালনাগাদকরণ | ক্রীড়া পরিদপ্তর, সকল জেলা ক্রীড়া অফিস ও সরকারি শারীরিক শিক্ষা কলেজের ওয়েবসাইট হালনাগাদ বিষয়ে আলোচনা হয়। জেলা ক্রীড়া অফিস ও সরকারি শারীরিক শিক্ষা কলেজ কর্তৃক বাস্তবায়িত বিভিন্ন প্রশিক্ষণ ও প্রতিযোগিতা কর্মসূচির ছবি, ভিডিও এবং খেলোয়াড় তালিকা স্ব-স্ব প্রতিষ্ঠানের ওয়েবসাইটে আপলোড ও হালনাগাদ করার বিষয়ে আলোচনা করা হয়। | জেলা ক্রীড়া অফিস ও সরকারি শারীরিক শিক্ষা কলেজ কর্তৃক বাস্তবায়িত বিভিন্ন প্রশিক্ষণ ও প্রতিযোগিতা কর্মসূচির ছবি, ভিডিও এবং খেলোয়াড় তালিকা স্ব-স্ব প্রতিষ্ঠানের ওয়েবসাইটে হালনাগাদ করতে হবে। | অধ্যক্ষ (সকল) সহকারী পরিচালক ও জেলা ক্রীড়া অফিসার (সকল) |
| ১১. | গাড়ি সংক্রান্ত | পরিচালক, ক্রীড়া পরিদপ্তর গাড়ি সম্পর্কে জানতে চাওয়া হলে ক্রীড়া পরিদপ্তরের গাড়ি চালক জনাব মোঃ আমির হোসেন জানান গাড়ির নতুন টায়ার লাগাতে হবে। ক্রীড়া পরিদপ্তরের হিসাব শাখায় দায়িত্বরত অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক জনাব মোঃ জহুরুল হক জনি জানান ২০২৪-২৫ অর্থবছরে গাড়ির মেরামত বরাদ্দ শেষ এবং জ্বালানী বরাদ্দও প্রায় শেষ পর্যায়। | ক্রীড়া পরিদপ্তরের গাড়ির জ্বালানী ব্যয় সংকোচন করতে হবে। | গাড়ি চালক জনাব মোঃ আমির হোসেন |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১২.০৫.২০২৫

মোঃ মোস্তফা জামান
পরিচালক (যুগ্মসচিব)
ফোন: ০২-৪১০৫৩৮১৫
ই-মেইল: director@ds.gov.bd

নং: ৩৪.০২.২৬৬৫.০০০.১০৩.০৬.০০০১.২৫-৬৪৩ তারিখ: ১৯ মে ২০২৫

**বিতরণ: কার্যার্থে**

১. অধ্যক্ষ, সরকারি শারীরিক শিক্ষা কলেজ, ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা (বাগেরহাট)/বরিশাল/ময়মনসিংহ;

২. জেলা ক্রীড়া অফিসার (সকল) ..........................;

৩. পরিচালকের একান্ত সহকারী (পরিচালক মহোদয়ের সদয় জ্ঞাতার্থে), ক্রীড়া পরিদপ্তর, ঢাকা;

৪. জনাব ........................................পদবি: .................................. ক্রীড়া পরিদপ্তর, ঢাকা;

**সদয় অবগতি:**

১. সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;

মোঃ আজিম হোসেন
সহকারী পরিচালক (প্রশাসন)
ফোন: ০২-৪১০৫৩৮১৮
ই-মেইল: ada@ds.gov.bd